

AME(CT RTHD)  
১৫/২/১২/২০১৭

অতি জরুরি

নির্বাচন অফিসিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন অধিশাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৫৫৪

তারিখ : ২০-১২-২০১৭ খ্রিস্টাব্দ

### প্রজ্ঞাপন

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ০৬ (ছয়)টি ( পঞ্চগড় জেলার বোদা, দিনাজপুর জেলার বিরল, রাজশাহী জেলার বাঘা, নাটোর জেলার বনপাড়া, ফরিদপুর জেলার আলফাড়াঙ্গা ও জামালপুর জেলার বকশীগঞ্জ ) পৌরসভার সাধারণ নির্বাচন আগামী ২৮ ডিসেম্বর, ২০১৭ তারিখ অনুষ্ঠিত হবে। এ পরিপ্রেক্ষিতে ১৯৮৩ সালের মটর ভেহিক্যাল্স অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)- এর ৮৮ ধারা অনুযায়ী পৌরসভার সাধারণ নির্বাচনে ভোটিংহলের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৭ ডিসেম্বর ২০১৭ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা হতে ২৮ ডিসেম্বর ২০১৭ তারিখ মধ্যরাত ১২:০০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে :

(১) বেবী ট্যাক্সি/ অটোরিজ্বা	(৮) জীপ	(৭) বাস
(২) ট্যাক্সি ক্যাব	(৫) পিক আপ	(৮) ট্রাক
(৩) মাইক্রোবাস	(৬) কার	(৯) টেল্স্পো

২। এছাড়া, ২৫ ডিসেম্বর ২০১৭ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা হতে ২৯ ডিসেম্বর ২০১৭ তারিখ সকাল ৬:০০ ঘটিকা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পথ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ অন্যান্য কর্তৃপক্ষ-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বাস্তুপতির আদেশক্রমে,

২০/১২/২০১৭

(ড. মোঃ কামরুল আহসান)

যুগ্মসচিব

ফোন : ৯৫৬১২২৫

বিতরণঃ (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রপরিষদ সচিব, মন্ত্রপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, .....(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। প্রিমিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ৬। সচিব.....(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
- ৭। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (ইহার সহিত তাঁর ১৩-১২-২০১৭ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭ (অংশ-৩)-৪৭৪ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)।
- ৮। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা।
- ৯। চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
- ১০। বিভাগীয় কমিশনার, .....(সংশ্লিষ্ট)
- ১১। মহাপরিচালক, র্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র্যাব), র্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা।
- ১২। উপ-মহাপুলিশ পরিদর্শক, .....(সংশ্লিষ্ট রেঙ্গে)।
- ১৩। জেলা প্রশাসক, .....(সংশ্লিষ্ট)
- ১৪। পুলিশ সুপার, .....(সংশ্লিষ্ট)
- ১৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....(সংশ্লিষ্ট)।
- ১৬। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ১৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০ (তিনিশত) কপি জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
- ১৮। উপজেলা নির্বাচনী অফিসার.....(সংশ্লিষ্ট)।
- ১৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .....(সংশ্লিষ্ট)।
- ২০। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২১। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, .....(সংশ্লিষ্ট)।
- ২২। জেলা তথ্য অফিসার, .....(সংশ্লিষ্ট)।
- ২৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।)

২১/২/২০১৭  
(ড. মোঃ কামরুল আহসান)  
যুগ্মসচিব